বঙ্গবন্ধু গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্ট চ্যাম্পিয়ন স্কুলকে সংর্বধনা দিলেন, হরিণাকুণ্ডু পৌরসভা

বঙ্গবন্ধু গোল্ডকাপ ফুটবল টুর্ণামেন্টের জেলা চ্যাম্পিয়ন হওয়ায় ঝিনাইদহের হরিণাকুণ্ডু পৌরসভার শুড়া সরকারী প্রাথমিক বিদ্যালয়ের খেলোয়াড়দের রাজসিক সংর্বধনা দিলেন হরিণাকুণ্ডু পৌরসভার মেয়র ফারুক হোসেন।

বুধবার (২৭সেপ্টেম্বর) সকালে বিদ্যালয় মাঠে সংর্বধনার আয়োজন করা হয়। আনুষ্ঠানে বিজয়ী খেলোয়াড়, কোচ ও প্রধান শিক্ষকের হাতে ফুলের তোড়া ও মিষ্টি দিয়ে বরণ করে নেন পৌরসভার মেয়র ফারুক হোসেন।

এসময় উপস্থিত ছিলেন বিদ্যালয়ের প্রধান শিক্ষক মোঃ ইউসুফ আলী, দলের কোঁচ সহকারী শিক্ষক আব্দুস সামাদ আজাদ দিপু, সহকারী শিক্ষক নাজিম উদ্দীনসহ অন্যান্য শিক্ষকবৃন্দ। এছাড়াও পৌরসভার প্যানেল মেয়র সিদ্দিকুর রহমানসহ অন্যান্য কাউন্সিলরগণ উপস্থিত ছিলেন।

উল্লেখ গত ২৩ সেপ্টেম্বর ঝিনাইদহ বীরশ্রেষ্ঠ হামিদুর রহমান স্টেডিয়ামে ফাইনাল খেলায় কালীগঞ্জ উপজেলার মথনপুর সরকারী প্রাথমিক বিদ্যালয়কে ৩-০ গোলে হারিয়ে জেলার চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করেন।

ঝিনাইদহে আঃ রউফ ডিগ্রি কলেজে কৃতি সন্তান সংর্বধনা ও

প্রীতিভোজ অনুষ্ঠিত

ঝিনাইদহ সদর উপজেলার ডাকবাংলা বাজারে আব্দুর রউফ ডিগ্রি কলেজের শিক্ষক কর্মচারীর কৃতি সন্তানদের সংর্বধনা প্রদান এবং তাদের উদ্দেশ্যে প্রীতিভোজ অনুষ্ঠিত হয়েছে।

আজ বুধবার দুপুরে কলেজের শিক্ষক মিলনায়তনে এই সংর্বধনা এবং প্রীতিভোজের আয়োজন করা হয়।

কলেজের অধ্যক্ষ জে এম রবিউল ইসলামের সভাপতিত্বে উপাধ্যক্ষ বিবেকানন্দ তরফদার, সহকারী অধ্যাপক জিনাত জেসমিন, ইসরাইল হোসেন, জাহাঙ্গীর আনাম বক্তব্য রাখেন।

আলোচনা অনুষ্ঠানের সঞ্চালনায় ছিলেন প্রভাষক মোঃ শাহানুর আলম। আলোচনা শেষে ২০২২ সালে এসএসসি ও এইচএসসিতে কৃতিত্ব অর্জণ, ২০২৩ সালে মেডিকেল কলেজ ও ক্যাডেট কলেজে ভর্তির সুযোগ অর্জণকারী কলেজের ১২ শিক্ষক ও কর্মচারীর ১৪জন সন্তানকে সংর্বধনা প্রদান করা হয়েছে। সংবর্ধনা শেষে উৎসবমূখর পরিবেশে প্রীতিভোজ অনুষ্ঠিত হয়।